

প্রেস রিলিজ
২৬ মার্চ ২০২৬

বাউবিতে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যে মহান স্বাধীনতা দিবস উদযাপন


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) মহান স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যে পরিবেশে উদযাপন করেছে। এ উপলক্ষে ২৬ মার্চ ২০২৬, বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির আয়োজন করে।

দিবসের সূচনায় সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে কর্মসূচির শুভ সূচনা হয়।

দিবসের প্রধান আয়োজন হিসেবে সকাল ৯টায় বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান সাভারের জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি.এম. আহমেদ হুসেইনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। শ্রদ্ধা নিবেদন শেষে উপাচার্য বলেন, " মহান স্বাধীনতা দিবস জাতির গৌরব ও আত্মমর্যাদার এক অবিস্মরণীয় মাইলফলক। বীর শহিদদের আত্মত্যাগ, অদম্য সাহস ও রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতা আমাদের জন্য শুধু ভূখণ্ডগত অর্জন নয়, বরং এটি ন্যায়, মানবিকতা ও মর্যাদাপূর্ণ রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার প্রেরণা। তিনি বলেন, বৈষম্যহীন ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তোলার মধ্য দিয়েই শহিদদের প্রতি প্রকৃত শ্রদ্ধা নিবেদন সম্ভব। একই সঙ্গে তিনি নতুন প্রজন্মের কাছে স্বাধীনতার সঠিক ইতিহাস ও চেতনা তুলে ধরার ওপর গুরুত্বারোপ করেন এবং 'সবার আগে বাংলাদেশ'—এই অঙ্গীকারে দেশ গঠনে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

এছাড়া দিবসটি উপলক্ষে গাজীপুর মূল ক্যাম্পাসে স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন ব্যানার প্রদর্শন করা হয়। যোহরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে মহান মুক্তিযুদ্ধে শহিদ বীরদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

একই সঙ্গে দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত বাউবির আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রগুলোতেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। এসব কেন্দ্রে ব্যানার প্রদর্শন, স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় করে মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণসহ নানা কর্মসূচির মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)